

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৮২

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা (کتاب صلاة المسافرین وقصرها) পরিচছেদেঃ ৬/৫৭. সালাতুল খাউফ বা ভয়ের সালাত।

صلاة الخوف

আরবী

حديث سَهْلِ بْنِ أَبِي حَتْمَةَ، قَالَ: يَقُومُ الإِمَامُ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ، وَطَائِفَةٌ مِنْهُمْ مَعَهُ، وَطَائِفَةٌ مِنْ قَبَلِ الْقِبْلَةِ، وَطَائِفَةٌ مِنْهُمْ مَعَهُ، وَطَائِفَةٌ مِنْ قِبَلِ الْعَدُوِّ، وُجُوهُهُمْ إِلَى الْعَدُوِّ، فَيُصلِّي بِالَّذِينَ مَعَهُ رَكْعَةً، ثُمَّ يَقُومُونَ فَيَرْكَعُونَ لَأَنْفُسِهِمْ رَكْعَةً، وَيَسْجُدُونَ سَجْدَتَيْنِ فِي مَكَانِهِمْ، ثُمَّ يَذْهَبُ هؤلاءِ إِلَى مَقَامِ أُولئِكَ فَيرْكَعُ بِهِمْ رَكْعَةً، فَلَهُ ثِنْتَانِ، ثُمَّ يَرْكَعُونَ وَيَسْجُدُونَ سَجْدَتَيْنِ

বাংলা

৪৮২. সাহল ইবনু আবৃ হাসমাহ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, (সালাতুল খাওফে) ইমাম কেবলামুখী হয়ে দাঁড়াবেন। একদল থাকবেন তাঁর সাথে এবং অন্যদল শক্রদের মুখোমুখী হয়ে তাদের মুকাবিলায় দাঁড়িয়ে থাকবেন। তখন ইমাম তাঁর পেছনের একদল নিয়ে এক রাক'আত সালাত আদায় করবেন। এরপর সালাতরত দলটি নিজ স্থানে দাঁড়িয়ে রুকূ ও দু' সাজদাসহ আরো এক রাক'আত সালাত আদায় করে ঐ দলের স্থানে গিয়ে দাঁড়াবেন। এরপর তারা এলে ইমাম তাদের নিয়ে এক রাক'আত সালাত আদায় করবেন। এভাবে ইমামের দু'রাক'আত সালাত পূর্ণ হয়ে যাবে। আর পিছনের লোকেরা রুকু' সাজদাসহ আরো এক রাক'আত সালাত আদায় করবেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগাযী, অধ্যায় ৩১, হাঃ ৪১৩১; মুসলিম, পূর্ব ৬; মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা, অধ্যায় ৫৭, হাঃ ৮৪১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবনু আবু হাসমা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন